জনতা ব্যাংক লিমিটেড

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়,ঢাকা

০২/০৩/২০

নিয়োগ বিজ্ঞপ্তি

জনতা ব্যাংক লিমিটেড দেশের দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্রীয় মালিকানাধীন বানিজ্যিক ব্যাংক, যার সারা দেশে ও বিদেশে সর্বমোট ৮৫১টি শাখা ও ইতালীতে ১টি সাবসিডিয়ারী কোম্পানী রয়েছে । দক্ষিন এশিয়ার অন্যতম একটি ব্যাংক হিসেবে প্রতিষ্ঠালাভের উদ্দেশ্যে ব্যাংকটির সার্বিক কর্মকান্ড পরিচালিত হচ্ছে । পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুযোগ্য নেতৃত্বে পরিচালিত কর্মকান্ডের স্বীকৃতিসরূপ ব্যাংকটি গত কয়েক বৎসর হতে নিয়মিত আন্তর্জাতিক পুরস্কার অর্জন করে আসছে ।

জনতা ব্যাংক লিমিটেড দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ন অংশীদারীত্বের দাবীদার, তার সাথে সামাজিক দায়বদ্ধতা, ঋণ সহজীকরণের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ, ও দরিদ্র জনগোষ্ঠির আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধির প্রয়াসে অনন্য ভূমিকা পালনে প্রতিজ্ঞাবদ্ধ । এ সমস্ত কর্মকান্ডে গতি সঞ্চালনসহ অধিকতর পেশাগত দক্ষতা ও আর্থিক ক্ষেত্রে আন্তর্জাতিক মান অর্জনের উদ্দেশ্যে ব্যাংক কর্তৃক নিম্নোক্ত পদসমুহে নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

ক্রঃ	পদের নাম ও সংখ্যা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ডিজিএম পদ ঃ ২ (দুই) টি (বেতন ভাতা আলোচনা সাপেক্ষ)	**বয়স ঃ** সর্বোচ্চ ৫২ বৎসর **যোগ্যতা ঃ** ক) ACA/FCA খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় (পাবলিক বিশ্ববিদ্যালয় ও 'এ' গ্রেডভূক্ত প্রাইভেট বিশ্ববিদ্যালয়) হতে হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা/ফিন্যান্স বিষয়ে ন্যুনতম দ্বিতীয় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪ বৎসরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য একাডেমিক পরীক্ষার যে কোন ১টিতে ১ম বিভাগ বা শ্রেণী (সমমানের সিজিপিএ)। কোন তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নয়। **অভিজ্ঞতা ঃ** ক) কোন প্রতিষ্ঠানে এজিএম/সমমানের পদে ২ (দুই) বৎসরের চাকুরীসহ সিএ হিসেবে কোন প্রতিষ্ঠানে ন্যুনতম ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং কোম্পানী আইন বিষয়ে অভিজ্ঞতা ; খ) কম্পিউটার জ্ঞান সম্পন্ন এবং ইংরেজী ভাষায় দক্ষতা ।
০২	এজিএম পদ ঃ ৩ (তিন) টি (বেতন ভাতা আলোচনা সাপেক্ষ)	**বয়স ঃ** সর্বোচ্চ ৫০ বৎসর **যোগ্যতা ঃ** ক) ACA/FCA খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় (পাবলিক বিশ্ববিদ্যালয় ও 'এ' গ্রেডভূক্ত প্রাইভেট বিশ্ববিদ্যালয়) হতে হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা/ফিন্যান্স বিষয়ে ন্যুনতম দ্বিতীয় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪ বৎসরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য একাডেমিক পরীক্ষার যে কোন ১টিতে ১ম বিভাগ বা শ্রেণী (সমমানের সিজিপিএ)। কোন তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নয়। **অভিজ্ঞতা ঃ** ক) কোন প্রতিষ্ঠানে ফার্ষ্ট এজিএম/সমমানের পদে ২ (দুই) বৎসরের চাকুরীসহ সিএ হিসেবে কোন প্রতিষ্ঠানে ন্যুনতম ৫ (পাঁচ)বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং কোম্পানী আইন বিষয়ে অভিজ্ঞতা ; খ) কম্পিউটার জ্ঞান সম্পন্ন এবং ইংরেজী ভাষায় দক্ষতা ।
০৩	ফার্ষ্ট এজিএম পদ ঃ ৭ (সাত) টি (বেতন ভাতা আলোচনা সাপেক্ষ)	**বয়স ঃ** সর্বোচ্চ ৪৫ বৎসর। **যোগ্যতা ঃ** ক) Chartered Accountancy, PE-2 ডিগ্রী ; খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় (পাবলিক বিশ্ববিদ্যালয় ও 'এ' গ্রেডভূক্ত প্রাইভেট বিশ্ববিদ্যালয়) হতে হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা/ফিন্যান্স বিষয়ে ন্যুনতম দ্বিতীয় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪ বৎসরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য একাডেমিক পরীক্ষার যে কোন ১টিতে ১ম বিভাগ বা শ্রেণী (সমমানের সিজিপিএ)। কোন তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নয়। **অভিজ্ঞতা ঃ** ক) কোন প্রতিষ্ঠানে সিনিয়র এক্সিকিউটিভ অফিসার/সমমানের পদে ২ (দুই) বৎসরের চাকুরীসহ সিএ হিসেবে কোন প্রতিষ্ঠানে ন্যুনতম ৩(তিন)বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং কোম্পানী আইন বিষয়ে অভিজ্ঞতা ; খ) কম্পিউটার জ্ঞান সম্পন্ন এবং ইংরেজী ভাষায় দক্ষতা। গ) ব্যাংকের একাউন্টস ও তদ্ সংক্রান্ত কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
০৪	এক্সিকিউটিভ অফিসার পদ ঃ ২০ (বিশ) টি (বেতন স্কেল-১১০০০-৪৯০-২০৩৭০ তদসহ অন্যান্য সুবিধাদি)	**বয়স ঃ** ২১ বৎসর হতে ৩০ বৎসর । (মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর) **যোগ্যতা ঃ** ক) কোন সুপ্রতিষ্ঠিত নিরীক্ষা ফার্ম হতে সিএ কোর্স সম্পন্নকারী হতে হবে ; খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় (পাবলিক বিশ্ববিদ্যালয় ও 'এ' গ্রেডভূক্ত প্রাইভেট বিশ্ববিদ্যালয়) হতে হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা/ফিন্যান্স বিষয়ে ন্যুনতম দ্বিতীয় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪ বৎসরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য একাডেমিক পরীক্ষার যে কোন ২ টিতে ১ম বিভাগ বা শ্রেণী (সমমানের সিজিপিএ)। কোন তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নয়। **অভিজ্ঞতা ঃ** ক) কোন প্রতিষ্ঠানে অফিসার/সমমানের পদে ২ (দুই) বৎসরের চাকুরী ও কোম্পানী আইন সম্পর্কে অভিজ্ঞতা ; খ) কম্পিউটার জ্ঞান সম্পন্ন এবং ইংরেজী ভাষায় দক্ষতা থাকতে হবে। গ) ব্যাংকের একাউন্টস ও তদ্ সংক্রান্ত কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

বিঃদ্রঃ গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষামন্ত্রণালয়ের ০২ জুন,২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)৫৮২ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে ১ম,২য় ও৩য় বিভাগ/শ্রেণী নির্ধারিত হবে ।

শর্তাবলী ঃ-

০১। আবেদনকারীদের জনতা ব্যাংক লিমিটেড এর ওয়েবসাইট www.janatabank-bd.com হতে আবেদন পত্রের নমুনা সংগ্রহ করে অথবা সাদা কাগজে নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ করে আগামী ৩১/০৩/২০১০ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক,হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড,প্রধান কার্যালয়,১১০ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে ডাক/কুরিয়ার যোগে আবেদন পত্রপ্রেরণ করতে হবে ।

জীবন বৃত্তান্তে নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ করতে হবে ঃ

Name, Father/Husband's Name, Mother's Name, Present/Contact Address(with Mobile Number),Permanent Address, Date of Birth, Age on 31/03/2010, Home District, Marital Status, Nationality, National I.D Card No., Educational Qualification(With Name of Examination & Board/Universities, Year of Passing, Achieved Division /Class / CGPA), Experience ,Enclosed DD/Pay Order No with Date, Applicant's Signature and date.

০২। আবেদন পত্র ও খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে ।

০৩। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত সনদ পত্রাদি সংযুক্ত করতে হবে ঃ-

ক) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সকল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি ।

খ) সম্প্রতি তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটো ।

গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি/ নাগরিকত্বের সনদপত্র ।

ঘ) অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি ।

ঙ) মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ।

০৪। বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে দেশের সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে ।

০৫। প্রার্থীদের প্রতিযোগিতামূলক লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহন করতে হবে । তবে পরীক্ষায় অংশগ্রহনকারীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ।

০৬। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত তারিখের মধ্যে উক্ত আবেদন পত্র অত্র ব্যাংকে পৌছাতে হবে ।

০৭। আবেদন পত্রের সাথে 'জনতা ব্যাংক লিমিটেড' এর অনুকূলে ইস্যুকৃত ৩০০/-(তিন'শ)টাকার পেঅর্ডার/ড্রাফ্ট (অফেরতযোগ্য) জমা দিতে হবে ।

০৮। ত্রুটিপূর্ণ ,অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সমুহ বাতিল বলে গন্য হবে ।

০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কর্তৃপক্ষ প্রয়োজন বোধে যে কোন আবেদন পত্র বাতিলসহ এ নিয়োগ কার্যক্রম/প্রক্রিয়া সংশোধন বা বাতিলের অধিকার সংরক্ষন করে ।

মোঃ আবু বকর সিদ্দিক
মহাব্যবস্থাপক